গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়
সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ
প্রশিক্ষণ শাখা
www.rthd.gov.bd

নং-৩৫.০০.০০০০.০১২.২৫.০০৭.১৯-৩১৮

তারিখঃ ১৮ আষাঢ় ১৪৩১
০২ জুলাই ২০২৪

বিষয়ঃ Pre-shipment Inspection (PSI)/Factory Acceptance Test (FAT) এর আওতায় বিদেশ ভ্রমণ।

সূত্রঃ বিপিপিএ'র স্মারক নম্বর: ২১,০০,০০০০,৩৬৪.২২.০২০.১৯-০১ তারিখ: ০২,০১,২০২৪

উপর্যুক্ত বিষয় ও সূত্রস্থ পত্রের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, Pre-shipment Inspection (PSI)/Factory Acceptance Test (FAT) এর আওতায় বিদেশ ভ্রমণ বিষয়ে বাংলাদেশ পাবলিক প্রকিউরমেন্ট অথরিটি (বিপিপিএ) কর্তৃক পরিপত্র জারি করা হয়েছে। উক্ত পরিপত্রের নির্দেশনা অনুযায়ী পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সূত্রোস্থ পত্রের ছায়ালিপি এতদসংগে প্রেরণ করা হলো।

সংযুক্তি: বর্ণনামতে

০২.৭.২০২৪
নীলিমা আফরোজ
উপসচিব
☏ ০২২৩৩৩৮০৯৬৬
E-mail : dstraco@rthd.gov.bd

**বিতরনঃ (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):**

১. চেয়ারম্যান (গ্রেড-১), বিআরটিসি, ২১, রাজউক এভিনিউ, মতিঝিল, ঢাকা
২. অতিরিক্ত সচিব (পরিকল্পনা), সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ
৩. নির্বাহী পরিচালক, ডিটিসিএ, নগর ভবন, ঢাকা
৪. চেয়ারম্যান, বিআরটিএ, বিআরটিএ ভবন, বনানী, ঢাকা
৫. প্রধান প্রকৌশলী (চলতি দায়িত্ব), সড়ক ও জনপথ অধিদপ্তর, সড়ক ভবন, তেজগাঁও, ঢাকা
৬. ব্যবস্থাপনা পরিচালক, ডিএমটিসিএল, প্রবাসী কল্যাণভবন, ঢাকা
৭. ব্যবস্থাপনা পরিচালক, ঢাকা বিআরটি, উত্তরা, ঢাকা
৮. যুগ্মসচিব (সওজ জিওবি/পরিকল্পনা ও কার্যক্রম), সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ

অনুলিপিঃ

সচিব মহোদয়ের একান্ত সচিব, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ

স্মারক নং-৩৫.০১.০০০০.১৫০.১৮.০৫৪.০৫(৭ম খন্ড)-৫৫৬ তারিখঃ ১০/০৭/২০২৪

অনুলিপি সদয় জ্ঞাতার্থে এবং এবং সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ, প্রশাসন শাখা এর পত্র নং-৩৫.০০.০০০০.০১২.২৫.০০৭.১৯-৩১৮ তারিখ ০২-০৭-২০২৪ এর সংলগ্নীতে প্রাপ্ত প্রধান নির্বাহী কর্মকর্তা, বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ (আইএমইডি), বাংলাদেশ পাবলিক প্রকিউরমেন্ট অথিরিটি (বিপিপিএ), পরিকল্পনা মন্ত্রণালয়, শেরে বাংলা নগর, ঢাকা এর স্মারক নং-২১.০০. ০০০০.৩৬৪.২২.০২০.১৯-০১ তারিখ ০২-০১-২০২৪ মোতাবেক পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য তাঁর নিয়ন্ত্রণাধীন দপ্তরসমূহকে অবহিতকরণের নিমিত্তে আদিষ্ট হয়ে সংলগ্নীসহ প্রেরণ করা হলোঃ-

১। অতিরিক্ত প্রধান প্রকৌশলী (সওজ), ম্যানেজমেন্ট সার্ভিসেস উইং/পরিকল্পনা ও রক্ষণাবেক্ষণ উইং/ব্রীজ ম্যানেজমেন্ট উইং/ টেকনিক্যাল সার্ভিসেস উইং/যান্ত্রিক উইং, সড়ক ভবন, তেজগাঁও, ঢাকা/ঢাকা জোন, এলেনবাড়ী, তেজগাঁও, ঢাকা/ময়মনসিংহ জোন/কুমিল্লা জোন/রাজশাহী জোন/বরিশাল জোন/খুলনা জোন/চট্টগ্রাম জোন/রংপুর জোন/সিলেট জোন/গোপালগঞ্জ জোন।

২। প্রকল্প পরিচালক (অঃপ্রঃপ্রঃ, সওজ), গ্রেটার ঢাকা সাসটেইনেবল আরবান ট্রান্সপোর্ট প্রজেক্ট (বিআরটি), ঢাকা/ওয়েষ্টার্ণ বাংলাদেশ ব্রীজ ইম্প্রুভমেন্ট প্রজেক্ট, ঢাকা/ক্রস বর্ডার রোড নেটওয়ার্ক ইম্প্রুভমেন্ট প্রজেক্ট (বাংলাদেশ), ঢাকা/সাসেক সড়ক সংযোগ প্রকল্প-II: এলেঙ্গা-হাটিকামরুল-রংপুর মহাসড়ক চার লেনে উন্নীতকরণ প্রকল্প, ঢাকা/আশুগঞ্জ-নদীবন্দর-সরাইল-ধরখার-আখাউড়া স্থলবন্দর মহাসড়ককে চার লেনে জাতীয় মহাসড়কে উন্নীতকরণ, ঢাকা/মাতারবাড়ী কয়লা নির্ভর বিদ্যুৎ উৎপাদন কেন্দ্র নির্মাণ প্রকল্প (সওজ অংশ), ঢাকা/মাতারবাড়ী বন্দর উন্নয়ন শীর্ষক প্রকল্প (সওজ অংশ)/টেকনিক্যাল এসিস্ট্যান্স ফর রোড ট্রান্সপোর্ট কানেক্টিভিটি ইম্প্রুভমেন্ট প্রজেক্ট প্রি-পারেটরী ফ্যাসিলিটি (RTCIPPF) শীর্ষক কারিগরী সহায়তা প্রকল্প, ঢাকা/সিলেট-তামাবিল মহাসড়ক পৃথক এসএমভিটি লেনসহ ৪-লেনে উন্নীতকরণ, ঢাকা/উইকেয়ার ফেজ-১: ঝিনাইদহ-যশোর মহাসড়ক (এন-৭) উন্নয়ন প্রকল্প/সাসেক ঢাকা-সিলেট করিডোর সড়ক উন্নয়ন প্রকল্প, ঢাকা/সার্পোট টু জয়দেবপুর-দেবগ্রাম-ভুলতা-মদনপুর (ঢাকা বাইপাস) পিপিপি প্রকল্প, ঢাকা/কুমিল্লা (ময়নামতি)-ব্রাহ্মণবাড়ীয়া (ধরখার) জাতীয় মহাসড়ককে (এন-১০২) চার লেন জাতীয় মহাসড়কে উন্নীতকরণ শীর্ষক প্রকল্প/সিলেট-চারখাই-শেওলা মহাসড়ক উন্নয়ন প্রজেক্ট, ঢাকা/বাংলাদেশ সড়ক নিরাপত্তা প্রকল্প, ঢাকা/চট্টগ্রাম-কক্সবাজার হাইওয়ে ইমপ্রুভমেন্ট প্রজেক্ট-১।

৩। প্রকল্প পরিচালক (তঃপ্রঃ, সওজ), পাবলিক প্রাইভেট পার্টনারশীপ (পিপিপি) ভিত্তিতে হাতিরঝিল-রামপুরা সেতু-বনশ্রী-শেখেরজায়গা-আমুলিয়া-ডেমরা মহাসড়ক (চিটাগাং রোড মোড় এবং তারাবো লিংক মহাসড়কসহ) চারলেনে উন্নীতকরণের জন্য সহায়ক প্রকল্প, ঢাকা/সাইনবোর্ড-মোড়লগঞ্জ-রায়েন্দা-শরণখোলা-বগী সড়কের (আর-৭৭৩) ১৭তম কিলোমিটারে পানগুচি নদীর উপর পানগুচি সেতু নির্মাণ প্রকল্প, ঢাকা/বরিশাল (দিনারের পুর)-লক্ষ্মীপাশা-দুমকি সড়ক (জেড-৮০৪৪) এর ২৭তম কিলোমিটারে পান্ডব পায়রা নদীর উপর নলুয়া-বাহেরচর সেতু নির্মাণ প্রকল্প, ঢাকা/ময়মনসিংহ কেওয়াটখালী সেতু নির্মাণ প্রকল্প, ঢাকা/গল্লামারী-বাটিয়াঘাটা-দাকোপ-নলিয়ান ফরেস্ট সড়ক (জেড-৭৬০৬) এর ২৮তম কিলোমিটারে চুনকুড়ি নদীর উপর সেতু নির্মাণ প্রকল্প।

৪। তত্ত্বাবধায়ক প্রকৌশলী/অতিরিক্ত প্রকল্প পরিচালক, সওজ, ........................ (সকল)।

৫। সিনিয়র সিষ্টেম এনালিস্ট (সওজ), ম্যানেজমেন্ট ইনফরমেশন সেল, সড়ক ভবন, তেজগাঁও, ঢাকা

৬। নির্বাহী প্রকৌশলী/উপ-প্রকল্প পরিচালক/প্রকল্প ব্যবস্থাপক, সওজ, .................... (সকল)।

সংযুক্তি: বর্ণনামতে।

10.7.24

(মোঃ জাহাংগীর আলম)
পরিচিতি নং-৬০১৯১৫
তত্ত্বাবধায়ক প্রকৌশলী (চলতি দায়িত্ব), সওজ
প্রশাসন ও সংস্থাপন
সড়ক ভবন, তেজগাঁও, ঢাকা।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পরিকল্পনা মন্ত্রণালয়
বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ (আইএমইডি)
বাংলাদেশ পাবলিক প্রকিউরমেন্ট অথরিটি (বিপিপিএ)
শেরে বাংলা নগর, ঢাকা-১২০৭
www.cptu.gov.bd

"শেখ হাসিনার উপহার
ইলেকট্রনিক টেন্ডার"

নং ২১.০০.০০০০.৩৬৪.২২.০২০.১৯-০১

তারিখঃ ১৭ পৌষ ১৪৩০ / ০২ জানুয়ারি ২০২৪

## পরিপত্র

**বিষয়: Pre-Shipment Inspection (PSI)/Factory Acceptance Test (FAT)-এর আওতায় বিদেশ ভ্রমণ।**

উপর্যুক্ত বিষয়ে ক্রয়কারীগণের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, সম্প্রতি লক্ষ্য করা যাচ্ছে কোন কোন ক্রয়কারী প্রকল্পের ডিপিপি/টিএপিপিতে বিভিন্ন প্যাকেজে PSI/FAT এর উদ্দেশ্যে অর্থের সংস্থান রাখে এবং সাধারণ পণ্যের ক্ষেত্রেও PSI/FAT এর আওতায় অপ্রয়োজনীয় বিদেশ ভ্রমণ করছে। এ সকল ক্ষেত্রে বিদেশ ভ্রমণের যাবতীয় ব্যবস্থা সরবরাহকারী/ঠিকাদার করে থাকে এবং এসব ক্ষেত্রে আলাদাভাবেও অর্থ বরাদ্দ থাকে না, যা সংশ্লিষ্ট কাজের ক্ষেত্রে বিরূপ প্রভাব ফেলবে বলে যুক্তিসংগতভাবে অনুমিত হয়। পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালা, ২০০৮ (পিপিআর ২০০৮) এর বিধি ৫৫ এর আলোকে এরূপ কার্যাদি স্বার্থের সংঘাত (Conflicts of Interest) হিসেবে বিবেচিত হবে।

০২। বিশেষায়িত কিছু পণ্য ব্যতীত সাধারণভাবে সকল পণ্যের ক্ষেত্রে PSI/FAT করার জন্য বিদেশ ভ্রমণের কোন আবশ্যকতা নেই। পণ্যের গুণগত মান নিশ্চিতকরণের লক্ষ্যে স্বাক্ষরিত চুক্তির সাধারণ শর্তাবলীতে (GCC) এর বিধান রয়েছে [উদাহরণ: আদর্শ দরপত্র দলিল, PG4 এর Clause No. 32: Inspections and Tests]। উক্ত শর্তের আলোকে পণ্যের গুণগত মান নিশ্চিতকরণের জন্য ক্রয়কারী চুক্তির বিশেষ শর্তাবলী ও কারিগরি বিনির্দেশ (Specification)-এ প্রয়োজনীয় পরীক্ষার (Test) সংস্থান রাখতে পারে। চুক্তির সাধারণ শর্তানুযায়ী সরবরাহকারীর নিজ খরচে এরূপ পরীক্ষা সম্পন্ন করে ক্রয়কারীকে প্রতিবেদন (Report) দাখিল করার দায়িত্ব সংশ্লিষ্ট সরবরাহকারীর। তবে একান্ত প্রয়োজনীয় বিবেচিত হলে ক্রয়কারী নিজ খরচে এজেন্ট নিয়োগ করতে পারে। এক্ষেত্রে পিপিআর ২০০৮ এর বিধি ৩৮(৩) এর আলোকে পরিদর্শন ও পরীক্ষণ কাজের জন্য ক্রয়কারী সংশ্লিষ্ট বিষয়ে অন্য কোন অভিজ্ঞ প্রতিষ্ঠানের সাথে চুক্তি সম্পাদন করতে পারবে। উল্লেখ্য, সরবরাহকারী কর্তৃক কোন পরীক্ষা (Test) সম্পাদনের সময় ক্রয়কারীর কোন প্রতিনিধির উপস্থিতির প্রয়োজন হলে তার ব্যয়ভার সংশ্লিষ্ট ক্রয়কারীকে বহন করতে হবে। এক্ষেত্রে বিদেশ ভ্রমণের জন্য আলাদাভাবে অর্থ বরাদ্দ রাখার প্রয়োজন হবে। তবে প্রকল্পের ডিপিপি/টিএপিপি প্রণয়নকালে শুধুমাত্র প্রয়োজনীয়তার নিরিখে এ ধরনের ব্যয়ের সংস্থান রাখতে হবে।

০৩। চুক্তির সাধারণ শর্তাবলীর ব্যত্যয় ঘটিয়ে ক্রয়কারীগণ বিভিন্ন চুক্তির আওতায় PSI/FAT করার জন্য বিদেশ ভ্রমণ করছেন। অনেক ক্ষেত্রেই সংশ্লিষ্ট বিষয়ে অভিজ্ঞ কর্মকর্তাদেরও এ কাজে প্রেরণ করা হচ্ছে না। ফলে অহেতুকভাবে পণ্যের চুক্তিমূল্য বৃদ্ধি পাচ্ছে, যা অর্থের সর্বোত্তম ব্যবহার (Value for Money)-কে ব্যাহত করছে। উল্লেখ্য, সরকারি অর্থ সাশ্রয়ের লক্ষ্যে এ কাজে, প্রয়োজনে, ক্রয়কারী বিদেশে অবস্থিত বাংলাদেশ দূতাবাস/হাইকমিশনেরও সহায়তা গ্রহণ করতে পারে।

০৪। বর্ণিত অবস্থার পরিপ্রেক্ষিতে, পিপিআর ২০০৮ এর বিধান এবং চুক্তির সাধারণ শর্তের আলোকে জটিল প্রকৃতির পণ্য ব্যতীত অন্য কোন ক্ষেত্রে চুক্তিতে PSI/FAT এর ব্যবস্থা না রাখা এবং একান্ত প্রয়োজনীয় বিবেচিত হলে আলাদাভাবে অর্থ বরাদ্দ রেখে এজেন্ট নিয়োগ অথবা কারিগরিভাবে অভিজ্ঞ ব্যক্তিদের দ্বারা পণ্যের গুণগত মান নিশ্চিত করার জন্য ক্রয়কারীসহ সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করা হলো।

২.১.২০২৪
(মোঃ শোহেলের রহমান চৌধুরী)
প্রধান নির্বাহী কর্মকর্তা

নং ২১.০০.০০০০.৩৬৪.২২.০২০.১৯-০১

তারিখঃ ১৭ পৌষ ১৪৩০ / ০২ জানুয়ারি ২০২৪

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা/ প্রধানমন্ত্রীর মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, পুরাতন সংসদ ভবন, তেজগাঁও, ঢাকা-১২১৫।
২। বাংলাদেশের মহা-হিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রক, মহা-হিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রকের কার্যালয়, কাকরাইল, ঢাকা।

অপর পৃষ্ঠা দ্রষ্টব্য

পূর্ববর্তী পৃষ্ঠা হতে

৩। সিনিয়র সচিব/সচিব (সকল) (তাঁর আওতাধীন মন্ত্রণালয়/বিভাগ এবং সংশ্লিষ্ট সকল দপ্তর/সংস্থাসমূহকে অবহিত করার অনুরোধসহ)।
৪। সদস্য, ................................................................ পরিকল্পনা কমিশন, শেরে বাংলা নগর, ঢাকা।
৫। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, পরিকল্পনা মন্ত্রণালয়, শেরে বাংলা নগর, ঢাকা।
৬। সচিব মহোদয়ের একান্ত সচিব, আইএমইডি, পরিকল্পনা মন্ত্রণালয়, শেরে বাংলা নগর, ঢাকা।
৭। প্রধান নির্বাহী কর্মকর্তার ব্যক্তিগত কর্মকর্তা, সিপিটিইউ, পরিকল্পনা মন্ত্রণালয়, শেরে বাংলা নগর, ঢাকা।
৮। অফিস কপি।

০৯/০৭/২০২৪

(মোঃ মাহফুজার রহমান)
পরিচালক (যুগ্মসচিব)
ফোন: ০২-৯১৮০৬৬৪
ই-মেইল: cptudr4@cptu.gov.bd